



ISO 9001:2015 Certified

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১

পটিয়া, চট্টগ্রাম

ইমেইল:ctgpps1@yahoo.com ,ওয়েব:pbs1.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০১.০০৮.২৪.২১১৫

তারিখঃ ০১ জৈষ্ঠ্য, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে, ২০২৪ খ্রি.**“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ রক্ষিত ব্যবহার অযোগ্য নিম্নবর্ণিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আত্মীয় ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম	মালামালের বিবরণ	পরিমাপ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য(টাকা)
১.	প্যাকিং কাঠ ও তারের খালি কাঠের ড্রাম	৩,২০০ কেজি (আনুমানিক)		

শর্তাবলী :

- ১। নিলাম দরপত্র আগামী ২৩-০৫-২০২৪ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে (ক) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম অথবা (খ)পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ রক্ষিত টেন্ডার বাস্তবে দাখিল করতে হবে এবং ঐদিনই বেলা ১২-০৫ ঘটিকায় দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন)নিলাম দরপত্র সমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পর এবং ডাকযোগে কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ২। নিলাম দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ নিলাম দরপত্র ” কথাটি অবশ্যই লিখতে হবে।
- ৩। বর্ণিত মালামালের নিলাম দরের ২৫% হারে নিরাপত্তা জামানত চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ৪। মালমাল সমূহ আগামী ২২-০৫-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে যোগাযোগ পূর্বক পরিদর্শন করা যাবে।
- ৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫%(পচাত্তর শতাংশ) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ করে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৬। সরকারী নিয়ম অনুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে কর পরিশোধ করতে হবে।
- ৭। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।
- ৮। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।
- ৯। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য সদয় অনুরোধ জানানো হলো।

- ১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----১/২/৩/৪।
- ৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পটিয়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/সাতকানিয়া/আনোয়ারা /বাঁশখালী/ কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।
- ৯। ডিজিএম, লোহাগাড়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/আনোয়ারা/বাঁশখালী/ সাতকানিয়া জোনাল অফিস/সদর-কারিগরি, চট্টগ্রাম পবিস-১।
- ১০। এজিএম, (অর্থ-হিসাব), চট্টগ্রাম পবিস-১।
- ১১। এজিএম, আইটি-১/২ (পবিসের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন)।
- ১২। নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার